

প্রিয় পিতামাতা বা অভিভাবক:

আপনার সন্তানের স্বাস্থ্য আমাদের কাছে গুরুত্বপূর্ণ বিষয়। নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে আমরা স্বাস্থ্য সম্পর্কিত শিক্ষার ক্লাস নেই যাতে অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় ছাড়াও পারিবারিক সুস্থতা, যৌনতা ও HIV/AIDS, ইত্যাদি বিষয় অনুযায়ী শিক্ষা অন্তর্ভুক্ত আছে। নতুন 'হেলথ এড ওয়ার্কস ইনিশিয়েটিভ' (স্বাস্থ্য শিক্ষা উদ্যোগ) -এ মেয়র ডি ব্লাজিও'র \$24 মিলিয়ন ডলার বিনিয়োগ আমাদের সকল স্কুলে স্বাস্থ্য সম্পর্কিত শিক্ষায় সহায়তা প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদের সুস্থতার প্রতি DOE-এর প্রতিশ্রুতিকে জোরদার করবে।

পরিসংখ্যান থেকে জানা যায় যে, আমাদের এমনসব শিক্ষার্থী আছে যারা বয়স 13 হওয়ার আগে যৌনতায় অভ্যস্ত; যাদের একাধিক যৌনসঙ্গী আছে; এবং যারা যৌনবাহিত (STIs) এবং HIV/AIDS রোগসংক্রমণ প্রতিরোধক নয়। আমাদের ছেলেমেয়েদের যৌনতা ও ঝুঁকিপূর্ণ আচরণে নিয়োজিত হওয়ার আশংকাজনক পরিণতি সম্পর্কে শিক্ষা প্রদানে আমাদের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আমাদের শিক্ষার্থীদেরকে অবশ্যই স্বাস্থ্য সচেতনতার সঠিক তথ্য দিতে এবং এসব নিয়ে মতবিনিময় করার দক্ষতা প্রদান করতে হবে যাতে তা তাদের সুস্থ ও সুরক্ষিত থাকার সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হয়। সেই লক্ষ্যে, মিডল ও হাই স্কুলে বাধ্যতামূলক এক সেমিস্টার, সমন্বিত স্বাস্থ্য শিক্ষা কোর্সে বয়স অনুযায়ী উপযোগী যৌন স্বাস্থ্য সম্পর্কিত শিক্ষা, সাথে সাথে প্রতি বছর K-12 গ্রেডের শিক্ষার্থীদের জন্য HIV/AIDS সম্পর্কিত শিক্ষা বাধ্যতামূলক।

আমরা বুঝে যে, আমাদের শিক্ষার্থী ও তাদের পরিবারবর্গের বিভিন্ন ধরনের বিশ্বাস, সংস্কৃতি ও আচার-আচরণ রয়েছে। একজন পিতামাতা/অভিভাবক হিসেবে, জন্ম নিয়ন্ত্রণ এবং HIV/যৌনবাহিত রোগ সংক্রমণ (STI) প্রতিরোধের মত কিছু যৌন স্বাস্থ্য ও HIV/AIDS অনুশীলনীতে আপনার সন্তানকে অংশগ্রহণ করতে না দেয়ার অধিকার আপনার রয়েছে। কিন্তু আপনি তাকে বিরত রাখার ক্লাস অথবা অন্যান্য যৌন স্বাস্থ্য বিষয়ক শিক্ষার পাঠ থেকে অপসারণ করতে পারেন না। আপনার সন্তানকে কোল অনুশীলনীতে অংশগ্রহণ থেকে বিরত রাখতে পারেন, তা নিয়ে কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষক, আমাদের প্যারেন্ট কোর্ডিনেটর আ আমার সাথে যোগাযোগ করুন। এছাড়া ও আপনারা NYCDOE-এর পুরো *HIV/AIDS পাঠক্রম* অনলাইনে দেখতে পারেন <https://www.weteachnyc.org/resources/resource/hiv-aids-curriculum-2012-edition/> ওয়েবসাইটে।

আপনি যদি আপনার সন্তানকে জন্ম নিয়ন্ত্রণ এবং HIV/STI-র ক্লাসে অংশগ্রহণ করতে দিতে না চান, তাহলে আপনাকে অবশ্যই আমার কাছে নিচের বিষয়গুলো উল্লেখ করে চিঠি দিতে হবে:

- জন্ম নিয়ন্ত্রণ এবং HIV/STI প্রতিরোধ পদ্ধতির ক্লাস চলাকালে আপনার সন্তান ক্লাসরুমে উপস্থিত থাকবে না; এবং
- বাড়িতে আপনি আপনার সন্তানের সাথে এইসব প্রতিরোধ বিষয়ে আলোচনা করবেন।

যেমন সকল বিষয়ে, পিতামাতা এবং অভিভাবকগণই সন্তানের প্রথম এবং সবচেয়ে প্রভাবশালী শিক্ষক। পিতামাতা, অভিভাবক এবং স্কুল - সবার লক্ষ্য এক: আমরা শিক্ষার্থীদের সব বয়সে এবং জীবনের প্রতিটি স্তরে সুস্থ-সবল দেখতে চাই। আমরা শিক্ষার্থীদের সাথে যৌনতা প্রসঙ্গে আলোচনা হবে, আমাদের মিলিত লক্ষ্য হবে স্কুল-বয়সী তরুণদের যৌন কর্মকাণ্ডকে বিলম্বিত করা। স্বাস্থ্য সম্পর্কিত শিক্ষায় সন্তান ক্লাসে কি শিখছে, সে ব্যাপারে সন্তানের কাছে আপনারা যাতে প্রশ্ন করেন, আপনাদেরকে আমরা তাতে উৎসাহ দেই এবং নিশ্চিত করতে চাই যে, আপনারা যাকে সুস্থ জীবনযাপনের জন্য ভালো বলে বিশ্বাস করেন, তারা সেটা জানে। যৌন স্বাস্থ্য সম্পর্কে সন্তানের সাথে আপনি যে আলোচনা করেন, সেগুলো আপনাদের পারিবারিক মূল্যবোধের প্রসঙ্গ থেকে ক্লাসের স্বাস্থ্য বিষয়ক শিক্ষার ক্লাসে প্রাপ্ত তথ্যের স্বাভাবিক হবে। পুনশ্চ, স্বাস্থ্য সম্পর্কিত শিক্ষার ব্যাপারে কোনো প্রশ্ন থাকলে, কিংবা আমাদের স্কুলের স্বাস্থ্য সম্পর্কিত শিক্ষা পাঠক্রম পর্যালোচনা করতে চাইলে অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষকের বা আমার সাথে যোগাযোগ করুন।

বিনীত,

প্রিন্সিপ্যাল